



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়
পঞ্চগড়

ফোনঃ ০৫৬৮-৬১২০১, ৬১২৮১, ফ্যাক্স-০৫৬৮-৬১৯৩০, ইমেইলঃ djpnbd@gmail.com.

আদেশ নং- ৫২

তারিখঃ- ০৫/০৪/১৪২৭ বাং
২০/০৭/২০২০ খ্রিঃ

“আদেশ”

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৩ এর গত ০১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ/১৫ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.১৭.১৭৫ নং প্রজ্ঞাপন মোতাবেক জনাব শ্যাম সুন্দর রায়, বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, পঞ্চগড়, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, পাবনা হিসাবে পদোন্নতি মূলে গত ১৯/০৩/২০২০ খ্রিঃ তারিখের ২৫ নং আদেশে গত ২২/০৩/২০২০ খ্রিঃ তারিখে দায়িত্বভার অর্পণ করিলে তদস্থলে জনাব মোহাম্মদ আনিসুর রহমান, বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, পঞ্চগড়- তাঁহার আদালত ও অফিস সমূহের প্রাপ্ত দায়িত্বভার গ্রহণ করেন। এক্ষণে অন্যতর অফিস সমূহের মধ্যে হিসাব বিভাগ, জেলা জজ আদালত, পঞ্চগড়- এর দায়িত্বভার পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, পঞ্চগড়- এর পরিবর্তে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, পঞ্চগড়-এর উপর ন্যস্ত করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে। সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হউক।

২০১/-


(মোঃ শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়

স্মারক নং-জেজপ- ২৬৫(৭)/২০

তারিখঃ ০৫/০৪/১৪২৭ বাং
২০/০৭/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, পঞ্চগড়।
- ২। বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, পঞ্চগড়।
- ৩। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ/ফোকাল পয়েন্ট, জেলা জজ আদালত, পঞ্চগড়।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। জেলা ফিন্যান্স এন্ড এ্যাকাউন্টস অফিসার, পঞ্চগড়।
- ৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, পঞ্চগড় শাখা, পঞ্চগড়।
- ৬। অফিস কপি।


২০/০৭/২০২০
(মোঃ শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।